

**B.A. Semester-II Examination, 2023****বাংলা [অনার্স]****Course ID : 20111 Course Code : AH/BNG/201/C-3****Course Title : বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)****[OLD SYLLABUS]**

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- ক) তুর্কি আক্রমণকালে বাংলার রাজা কে ছিলেন? তুর্কি আক্রমণের সময়কাল উল্লেখ করো।
- খ) চর্যাপদ কাদের রচনা? চর্যাপদ কী নামে প্রকাশিত হয় লেখো।
- গ) দ্বিতীয় বিদ্যাপতি কাকে বলা হয়? তিনি কোন শতাব্দীর কবি?
- ঘ) বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? সেটি কার রচনা?
- ঙ) কৃত্তিবাস ওঝা অনুদিত রামায়নের নাম কি? এই রামায়ণের প্রথম দুটি কাণ্ডের নাম লেখো?
- চ) কাশীরাম দাস কোন্ সময়ের কবি ছিলেন? তিনি মহাভারতের কয়টি পর্বের অনুবাদ করেন?

ছ) ঘনরাম চক্রবর্তী রচিত ধর্মমঙ্গল কাব্যটির নাম কী? কাব্যটিতে কয়টি পালা আছে?

জ) মুকুন্দ চক্রবর্তীর কাব্যে রচনাকাল সম্পর্কিত যে পয়ারের উল্লেখ আছে তা লেখো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

ক) বাংলা পদাবলী সাহিত্যের ইতিহাসে গোবিন্দদাসের কবি কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও।

খ) কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটির গুরুত্ব নির্দেশ করো।

গ) কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।

ঘ) ঘনরামের ধর্মমঙ্গলের বৈশিষ্ট্য লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

ক) তুর্কি আক্রমণের কারণ ও ফলাফল আলোচনা করো।

খ) বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতির অন্তর্ভুক্তির কারণ বিশ্লেষণ করো।

গ) রামায়ণ ও মহাভারতের তুলনায় ভাগবত অনুবাদের ধারাটি ক্ষীণ কেন সংক্ষেপে লেখো।

ঘ) চণ্ডীমঙ্গল কাব্যধারায় কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।